

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা
ওয়েব সাইট : www.bb.org.bd

এফ,ই সার্কুলার নং-১৬

৩০ শ্রাবণ, ১৪১৮
তারিখ :-
আগস্ট ১৪, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার

প্রিয় মহোদয়গণ,

জাহাজ রপ্তানির বিপরীতে ভর্তুকী প্রদান প্রসঙ্গে

শিরোনামোক্ত বিষয়ে এপ্রিল ১১, ২০১০ তারিখে জারীকৃত এফ,ই সার্কুলার নং ০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাহাজ রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্য প্রত্যাবাসন প্রকৃত রপ্তানির প্রায় ২ (দুই) বছর পূর্বে অগ্রিম প্রদানের মাধ্যমে শুরু হয়ে থাকে বিধায় ঝণপত্রের পাশাপাশি নিশ্চিত রপ্তানি চুক্তিপত্রের আওতায় ডকুমেন্টারী কালেকশনের মাধ্যমে কিংবা টিটি'র মাধ্যমে অগ্রিম প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের বিপরীতে জাহাজ রপ্তানির ক্ষেত্রে রপ্তানি ভর্তুকী পরিশোধের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। রপ্তানি মূল্য অগ্রিম প্রত্যাবাসনের বিপরীতে ভর্তুকী পরিশোধের ক্ষেত্রে নির্মোক্ত শর্তাবলী অনুসরণীয় হবেঃ

ক) রপ্তানি ঝণপত্র/রপ্তানি চুক্তি অনুযায়ী জাহাজ রপ্তানির পূর্বে নির্মাণ পর্যায়ের বিভিন্ন ধাপে প্রাপ্ত রপ্তানি মূল্যের বিপরীতে ভর্তুকীর আবেদন বিবেচনার ক্ষেত্রে জাহাজ নির্মাণ প্রক্রিয়ার স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি অর্থাৎ (১) নির্মাণ ধাপ সম্পন্নের প্রমাণ স্বরূপ প্রদত্ত প্রকৃত ক্রেতার সনদ, (২) উপযুক্ত ক্লাসিফিকেশন সোসাইটি কর্তৃক প্রদত্ত সনদ, (৩) সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক কর্তৃক প্রতিটি ধাপের অগ্রিম প্রাপ্তির প্রমাণ স্বরূপ প্রদত্ত 'Advance Receipt Voucher' এর কপি, এবং (৪) আবেদনকৃত ভর্তুকীর সমপরিমান ব্যাংক গ্যারান্টি (যার মেয়াদ কমপক্ষে ৩ (তিনি) বৎসর এবং তফসিলি ব্যাংক কর্তৃক ইস্যুকৃত) সংযোজন করতে হবে।

(খ) জাহাজ রপ্তানির ক্ষেত্রে উহার নির্মাণ পর্যায়ে প্রাপ্ত অর্থের বিপরীতে প্রথম ভর্তুকীর আবেদনের তারিখ হতে ৩ (তিনি) বৎসরের মধ্যে সমুদয় উত্তোলনের বিপরীতে সংশ্লিষ্ট জাহাজ রপ্তানি প্রক্রিয়া সম্পূর্ণভাবে শেষ করে রপ্তানির স্বপক্ষে প্রয়োজনীয় দলিলাদি অর্থাৎ (১) বিল অব লেডিং অথবা প্রত্যায়িত পোর্ট ক্লিয়ারেন্স সার্টিফিকেট, (২) ব্যাংক কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট রপ্তানি চুক্তির আওতায় ধাপে ধাপে প্রত্যাবাসিত সম্পূর্ণ অর্থের হিসাব, এবং (৩) সম্পূর্ণ রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পিআরসি দাখিল করতে হবে যার কোন প্রকার ব্যত্যয় ঘটলে (ক) শর্তে উল্লেখিত ব্যাংক গ্যারান্টি নগদায়ন করা যাবে। এবং

(গ) আলোচ্য সার্কুলার (নং-০৬/২০১০) এ নির্ধারিত সময়সীমা অনুযায়ী ইতিমধ্যে যে সকল জাহাজ রপ্তানি হয়েছে, তন্মধ্যে (i) নিশ্চিত চুক্তির ক্ষেত্রে এককালীন/ধাপে ধাপে এবং (ii) এলসির ক্ষেত্রে ধাপে ধাপে যে সকল রপ্তানিমূল্য প্রত্যাবাসিত হয়েছে সে সকল ক্ষেত্রে প্রকৃত মোট প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের বিপরীতে ভর্তুকীর প্রস্তাব এই সার্কুলার জারির ৬০ (ষাট) দিনের মধ্যে দাখিল করা যাবে। দাখিলতব্য প্রস্তাবের সাথে প্রয়োজনীয় দলিলাদি অর্থাৎ (১) বিল অব লেডিং অথবা প্রত্যায়িত পোর্ট ক্লিয়ারেন্স সার্টিফিকেট, (২) ব্যাংক কর্তৃক প্রদত্ত সংশ্লিষ্ট রপ্তানি চুক্তির আওতায় ধাপে ধাপে প্রত্যাবাসিত সম্পূর্ণ অর্থের হিসাব, (৩) সম্পূর্ণ রপ্তানি মূল্য প্রত্যাবাসনের বিপরীতে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত পিআরসি এবং (৪) ব্যাংক কর্তৃক সত্যায়িত ইনভয়েস সমূহ সংযোজন করতে হবে।

০২। সেই সঙ্গে সার্কুলারটির ০৮(ঘ) নং অনুচ্ছেদ এবং এর সাথে সংযুক্ত ফরমসমূহ এতদনুযায়ী সংশোধিত মর্মে
বিবেচিত হবে।

০৩। জাহাজ রণান্বিক বিপরীতে রণান্বিক ভর্তুকী প্রদান সংক্রান্ত অত্র সার্কুলারসহ অন্যান্য সার্কুলার/সার্কুলার পত্রের
অপরাপর নির্দেশাবলী যথারীতি অপরিবর্তিত থাকবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

আপনাদের বিশ্বাস্ত,

স্বা/-

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৭১২০৩৭৫